

# স্বচ্ছতা নিশ্চিত শিক্ষক নিয়োগ কার্যক্রম অনলাইনে করা হয়েছে -রুমানা আলী

সুনামগঞ্জ প্রতিনিধি

১১ মার্চ ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

**আমাদের সময়**



প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী বলেছেন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে প্রাথমিক শিক্ষক নিয়োগ ও বদলি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করা হয়েছে। কারণ প্রধানমন্ত্রী স্বচ্ছতা ও জবাবদিহিতার জন্য অনেক কিছু ডিজিটাল করে দিয়েছেন। ২০২৩ সাল থেকে ডিজিটাল পদ্ধতিতে সুন্দরভাবে শিক্ষক নিয়োগ প্রতিক্রিয়া সম্পন্ন হচ্ছে। গতকাল দুপুরে সুনামগঞ্জ জেলা শিল্পকলা একাডেমির হাছনরাজা মিলনায়তনে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে সামাজিক উদ্বুদ্ধকরণ ও মা সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি।

প্রতিমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী বিশেষ চিন্তায় শিশুদের জন্য স্কুল ফিডিং চালু করা হচ্ছে। স্মার্ট বাংলাদেশের জন্য স্মার্ট নাগরিক তৈরি করতে তিনি সর্বোচ্চ চেষ্টা করে যাচ্ছেন। আগামী একনেকে স্কুল ফিডিং প্রকল্পের কাজ শুরু করব।

জেলা প্রশাসক মোহাম্মদ রাশেদ ইকবাল চৌধুরীর সভাপতিত্বে এবং শিক্ষক বিপ্লব চন্দ্র দাস ও সুমনা তালুকদারের সঞ্চালনায় সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোসা. নূর জাহান খাতুন, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক মনীষ চাকমা, সুনামগঞ্জের সুলিশ সুপার মোহাম্মদ এহসান শাহ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিচালক ড. নুরুল আমিন চৌধুরী, প্রাথমিক শিক্ষা বিভাগের সিলেট বিভাগীয় পরিচালক মো. জালাল উদ্দীন প্রমুখ।